P/05378

1-05289/12 **5000Rs.**

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000


सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

MV 1830056
BD 73814
18.8.06

... under the Indian Stamp Act 1899 as amended by Act ... of the Calcutta Improvement ...
... Stamp Act 1899 ...
Additional duty paid under the Calcutta Improvement Act 1911 Rs. ...



Ram Nath Tewari

Panya deo mishra

Certified that the document is admitted to registration. The signature sheets and the endroesement sheets attached with the document are the past of this document.

Dist. Sub-Register-III
Alipore, South 24-parganas
15-06-2012





মবনশে ৬,০০,০০০, ছয় লক্ষ টাকা পণে নিঃস্বত্ব দায় বিক্রয়

কোবালা দলিল :-

**************************************************

কোবালা গ্রহীতা :- শ্রী দীপক কুমার মুখার্জী, পিতা-স্বর্গীয় অমরেন্দ্রনাথ মুখার্জী,

****************

জাতি-হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা-ব্যবসা, সাং-৪৫।১৫

৬, বিবেকানন্দ সরণী (গড়ফা), থানা-পূর্ব যাদবপুর,

কোলকাতা-৭০০০৭৮।।

*************************************************

C. S. D. No. 3/0/0/6
vide D.D. No. 855/02
dt. 16.8.06
Dated ...
D. A. No. ...
I. S. R.-II
18.8.06

. . পৃঃ ২.

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 11
Page from 8918 to 8932
being No 05289 for the year 2012.

Seal of the District Sub-Registrar III, South 24 Parganas

(Ashoke Kumar Biswas) 18-June-2012
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS
West Bengal

D.S.R.-III
South 24 Parganas
Alipore

# Government Of West Bengal

**Office Of the D.S.R. - III SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 05289 of 2012**
**(Serial No. 05378 of 2006)**

**On 18/08/2006**

**Payment of Fees:**

Amount By Cash

( Under Article : A(1) = 6589/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 18/08/2006 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-18,30,056/-

Certified that the required stamp duty of this document is Rs.- 109823 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 31010/- is paid, by the Bankers cheque number 855102, Bankers Cheque Date 14/08/2006, Bank Name STATE BANK OF INDIA, Alipore Court Treasu, received on 18/08/2006

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 11.34 hrs on :18/08/2006, at the Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS by Ramji Nath Tiwari , one of the Executants.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 18/08/2006 by

1. Ramji Nath Tiwari, son of Late Raja Ram Tiwari , 7, Eastern Park, 3rd Road, Kolkata, Thana:-Purba Jadabpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700032, Thana Purba Jadavpur, By Caste Hindu, By Profession : Service
2. Shri Punyadeb Mishra, son of Late Ram Sundar Mishra , Jadavpur University Staff Quarters, Kolkata, Thana:-Jadavpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700032, Thana Jadavpur, By Caste Hindu, By Profession : Service

Identified By Durga Prasad Mishra, son of Punyadeb Mishra, A/2, Katju Nagar, Kolkata, Thana:-Jadavpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700032, By Caste: Hindu, By Profession: Business.

( Arhat Kr. Ghosh )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS

**On 15/06/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Dist. Sub. Registrar - III
Alipur South 24 Parganas

**( Rajendra Prasad Upadhyay )**
**DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS**

Government Of West Bengal
Office Of the D.S.R. - III SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 05289 of 2012
(Serial No. 05378 of 2006)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899.

### Deficit stamp duty

Deficit stamp duty

1. Rs. 24900/- is paid, by the draft number 965497, Draft Date 04/06/2012, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 15/06/2012
2. Rs. 49000/- is paid, by the draft number 965493, Draft Date 04/06/2012, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 15/06/2012

### Payment of Fees:

Amount By Cash

Rs. 13541.00/-, on 15/06/2012

( Under Article : A(1) = 13541/- on 15/06/2012 )

( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS

Office of the Dist Sub-Registrar III South 24 Parganas Alipore

Alipur, South 24 Parganas

( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS

Ramjinath Tiwari
Punyadeo Mishra



কোবালা দাতাগণ :- ১। রামজি নাথ তেওয়ারী, পিতা-স্বর্গীয় রাজারাম তেওয়ারী,
******************
জাতি - হিন্দু, ভারতীয় নাগরীক, পেশা-চাকুরী, সাকিন যাদবপুর ইউনিভারসিটি ক্যাম্পাস, থানা-পূর্ব যাদবপুর, কোলকাতা -৭০০০৩২। হাল সাকিন-৭ নং ইস্টার্ণপার্ক, থার্ড রোড (সন্তোষপুর), কোলকাতা-৭০০০৭৫।

২। শ্রী পুন্যদেও মিশ্র, পিতা-স্বর্গীয় রামসুন্দর মিশ্র, জাতি - হিন্দু, ভারতীয় নাগরী, পেশা-চাকুরী, সাকিন যাদবপুর ইউনিভারসিটি স্টাফ কোয়ার্টার ক্যাম্পাস, থানা-যাদবপুর, কোলকাতা -৭০০০৩২।

**********************************************

কস্য হাল ৪ নং বিধিমতে রায়তী স্বত্ব বিশিষ্ট সুত্রে কমবেশ ৫ পাঁচ কাঠা ১৩ তের ছটাক ১৮ আঠার বর্গফুট ডাঙ্গা জমি মায় এর সাথ গ্রথিত নকসায় প্রদর্শিত দক্ষিণাংশে ১৪'-০'' ফুট প্রশস্ত কে.এম. মিত্র রাস্তার উপর ও তলদেশ দিয়া বৈদ্যুতিক তার, টেলিফোন তার ও উহার কেবল, জল নিষ্কাশনের ড্রেন, কে.এম. মিত্র ট্যাপওয়াটার জলের লাইন ও যানবাহনাদি লইয়া চলাচলের মায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা-সাবেক টালিগঞ্জ, অধুনা যাদবপুর, অধুনা কসবা, হাল পূর্ব যাদবপুর, সাবরেজিস্ট্রী অফিস শিয়ালদহ, পরগণা খাসপুর, এই জেলা কালেক্টারীর ১৩ নং তৌজি ভুক্ত, রে: সা: নং-৪০, জে:এল: নং-২১, হাল

... পৃ: ৩

Ramjinath Tiwari
Punyadeo Mishra

কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ১৩ নম্বর বরাখোলা প্রেমিসেস উক্ত, মৌজা-বরাখোলা গ্রামে হাল ১০ নম্বর খতিয়ান উক্ত, ৩৭ নম্বর দাগের মধ্যে কৃত চিহ্নিত নকসায় লাল রঙের সীমারেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত ''এ'' প্লটে চিহ্নিত ৩ কাঠা ৫ ছটাক ৩২ বর্গফুট ডাঙ্গা জমি আমি ১ নং কোবালা দাতা বিগত ইংরাজী ১৬।১।১৯৯২ তারিখে আলিপুর ডিষ্ট্রীক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১৬ নং ভল্যুমে পাতা ২০১ ২০৭ নম্বর পৃষ্ঠায় লিপিকৃত, ১৯৯২ সনের ৩১৭ নম্বর একেতা সাফ কোবালা দলিল মূলে ৫৪।১১, নিউ সন্তোষপুর মেন রোড, থানা-কসবা, কোলকাতা-৩২ নিবাসী মৃত মন্মথ সরদার মহাশয়ের পুত্র শ্রী আনন্দ চন্দ্র সরদার মহাশয়ের নিকট হইতে উপরি উল্লিখিত সম্পত্তি আমি ১ নং কোবালা দাতা খরিদ করি, এবং খরিদ করিয়া আমি আমার নিজ নাম কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ও পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সেরেস্তায় নিজ নাম পত্তনাদি করিয়া যে সন সন উহার খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া তৎকালীন হইতে অদ্যাবধি খাসে ও ভোগে মালিক ও দখলীকার থাকি ও আছি।

এক্ষণে আমার খরিদা উক্ত সম্পত্তির মধ্য হইতে কিছু অংশ রাস্তায় যাওয়া বাদে বর্ত্তমানে অবশিষ্ট ২ কাঠা ৭ ছটাক ৮ বর্গফুট ডাঙ্গা জমির আমি ১ নং কোবালা দাতা মালিক থাকি ও হইতেছি।

অতঃপর এই কোবালা দলিলের আমি ২ নং দাতা উক্ত দক্ষিণ ২৪পরগণার

অন্তর্গত, থানা-সাবেক টালিগঞ্জ, তৎপর যাদবপুর, তৎপর কসবা, হাল পূর্ব যাদবপুর সাবরেজিষ্ট্রী অফিস শিয়ালদহ, পরগণা খাসপুর, এ জেলা কালেক্টারীর ১৩ নং তৌজি ভুক্ত, জে:এল: নং-১১, হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ১১ নং বরাখোলা প্রেমিসেস ভুক্ত, মৌজা-বরাখোলা গ্রামে, হাল ১০ নম্বর খতিয়ানে লিখিত ৩৭ নম্বর দাগের মধ্যে কৃত চিহ্নিত নকসায় লাল রঙের সীমারেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত ''বি'' প্লটে ৩ কাঠা ৫ ছটাক ১০ বর্গফুট ডাঙ্গা জমি আমি ২ নং কোবালা দাতা বিগত ইংরাজী ১৬/১/১৯৯২ তারিখে আলিপুর ডিষ্ট্রীক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৬ নং ভল্যুমে পাতা ২০৮ হইতে ২১৫ নং পৃষ্ঠায় লিপিকৃত, ১৯৯২ সনের ৩৮ নম্বর এককেতা সাফ কোবালা দলিল মূলে ৫৪/১১, নিউ সন্তোষপুর মেন রোড, থানা-কসবা, কোলকাতা-৩২ নিবাসী মৃত মন্মথ সরদার মহাশয়ের পুত্র শ্রী আনন্দ চন্দ্র সরদার মহাশয়ের নিকট হইতে উপরি উল্লিখিত সম্পত্তি আমি ২ নং কোবালা দাতা খরিদ করি এবং খরিদ করিয়া আমি আমার নিজ নাম কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ও পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় নিজ নাম পত্তনাদি করতঃ যে সন সন উহার খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া তৎকালীন হইতে অদ্যাবধি খাসে ও ভোগে মালিক ও দখলীকার থাকি ও আছি।

এক্ষণে এই কোবালা দলিলে আমি ১ নং কোবালা দাতা ও আমি ২ নং কোবালা দাতা আমাদিগের নিজ নিজ খরিদা সম্পত্তি ও সম্পত্তির মধ্য হইতে

রাস্তায় যাওয়া কিছু অংশ বাদে উভয়ের একত্রে কমবেশ ৫ পাঁচ কাঠা ১০ তের ছটাক ১৮ আঠার বর্গফুট ডাঙ্গা জমি আমাদিগের নিজ নিজ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উহা আমরা বিক্রয় করিবার ঘোষণা করিলে গ্রাহকগণ মধ্যে আপনি কোবালা গ্রহীতা তাহা পরস্পর অবগত হইয়া উহা আমাদিগের নিকট হইতে খরিদ করিবার প্রস্তাব করায় আমরা আমাদিগের ধার্য্যকৃত পণ মবলগে ৬,০০,০০০, ছয় লক্ষ টাকা সাব্যস্ত করিয়া আপনাকে জানাইলে আপনি আমাদিগের উক্ত প্রস্তাবিত দরে খরিদ করিতে সম্মত ও রাজী থাকিয়া খরিদ করিবার প্রস্তাব করায় এবং আমরা তাহাতে সম্মত ও রাজী থাকিয়া আপনাকে জানাইলে আপনি এই কোবালা গ্রহীতা উক্ত কোবালার মোট মূল্য মবলগে ৬,০০,০০০ ছয় লক্ষ টাকা নিম্ন অধীন টাকার জায় মোতাবেক নগদ এককালীন আমাদের বরাবরে বুঝাইয়া দিলে এবং আমরা তাহা আপনার নিকট হইতে প্রাপ্তি স্বীকারে এই সাফ কোবালা দলিলে আমরা আমাদিগের নিজ নিজ নাম আপনার বরাবরে যথারীতি সহি সম্পাদনে ও উহা রেজিস্ট্রী করিয়া দিয়া নিম্নে এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত ও নিম্ন অধীন বর্ণিত এই বিক্রীত সম্পত্তিতে এযাবৎকাল আমাদিগের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব, দখল, নত্ত, অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে রদ, রহিত, ও বিলুপ্ত হইয়া উহা সম্পূর্ণরূপে আপনার প্রতি বর্ত্তিল ও অর্শিল। আপনি অদ্য হইতে এই বিক্রীত সম্পত্তিতে আমাদিগের যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক, ও দখলীকার নিযুক্ত হইয়া বর্ত্তমান মালিক সরকারে ও হাল কোলকাতা মিউনিসিপ্যাল

Ramjinath Tiwari
Punya Deo Mishra



কর্মোরেশানে আমাদিগের নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা মতকারে দান, বিক্রয় বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তর ও দেহস্তান্তর করনের ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে চিরকাল পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমরা ময় ওয়ারিশান গণক্রমে কেহ কস্মিনকালেও কোনপ্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা এই কোবালা বলে সর্বত্র সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

এতদ্বারা আরও স্বীকার, অঙ্গীকার করিতেছি যে, বিক্রীত সম্পত্তির উপর কোনরূপ বন্ধক, মর্টগেজ, চার্জ লিয়েন বা দায় নাই, কিংবা আমরা উহার কোন অংশ কখনও অপর কাহাকেও দান, বিক্রয় বন্ধক, ইত্যাদির দ্বারা কোনপ্রকার হস্তান্তর করি নাই বা উহা কাহারও জামানতে অথবা কোন আদালত হইতে কোনপ্রকার ক্রোকাদির দ্বারা আবদ্ধ নহে বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন আদালতে কোনরূপ নালিশ বা মোকর্দ্দমা দায়ের নাই বা উহা সম্বন্ধে অপর কোন ব্যক্তিকে বিক্রয়ের চুক্তি করি নাই বা কোনরূপ চুক্তি বলবৎ নাই বা উহা কোনপ্রকার মেয়াদি প্রজাবিলি বন্দোবস্ত নাই বা উক্ত সম্পত্তিতে আমাদিগের অপর কাহারও কোনরূপ স্বত্ব স্বার্থ দাবী বা সংস্রব নাই। আমরা উক্ত সম্পত্তির ষোল আনা মালিক হইতেছি ও উহা আমাদিগের ষোল আনা খাস দখলে থাকাবস্থায় আপনাকে বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তি অদ্যকার তারিখে আপনাকে খোলসা খাস দখল প্রদান করিয়া উহা হইতে আমরা ময় ওয়ারিশানগণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

Ranjinath Tiwari
Punya a … Mishra

॥ ৭ ॥

যদি আমরা আমাদিগের উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তথ্যের বিপরীত বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমরা যাক্তি আইন আমলে আসিব এবং তৎসহ আপনার প্রদেয় পণের সমুদয় টাকা যায় যাহা কিছু ক্ষতি খেসারত হইবে তৎসমুদয় এককালীন আপনার বরাবরে পূরণ করিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, এই দলিলে যদি কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমরা আপনার তলবমত আপনার খরচায় উক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের এক বা একাধিক সংশোধনী দলিল করিবার আবশ্যক হইলে তাহাও সম্পাদনে ও উহা রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা যায় ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে আমাদিগের নিজ নিজ অদ্যকার তারিখের বিক্রীত সম্পত্তির মূল কোবালা দলিল ও নিজ নিজ নাম বরাবরে ট্যাক্সাদি ও নাম পত্তনাদির খাজনাদি ও ট্যাক্সাদির রসিদ সহ অন্যান্য যাহা কিছু আমাদিগের নিকট ছিল বা আছে তৎসমুদয় অদ্যকার তারিখে আপনার বরাবরে অর্পণ করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, অন্যের বিনানুরোধে, এই কোবালার সারমর্ম ও তাহার ফলাফল সম্যক অবগত হইয়া এবং পণের টাকার জায় মোতাবেক এককালীন ৬,০০,০০০, ছয় লক্ষ টাকা বুঝিয়া পাইয়া এই বিক্রয় কোবালা দলিলে যথারীতি সহি সম্পাদনে ও উহা রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ২০০৩ সালের ১৮ ই আগস্ট - মোতাবেক সন বাংলা ১৪১০ সনের ৩২শে শ্রাবণ

॥ ৮ ॥

:- তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা-সাবেক টালীগঞ্জ, তৎপর যাদবপুর, তৎপর কসবা, হাল পূর্ব্ব যাদবপুর, সাবরেজিষ্ট্রী অফিস শিয়ালদহ, পরগণা খাসপুর এর জেলা কালেক্টরীর ১৫৩ নং তৌজি ভুক্ত, রেঃ সাঃ নং-৪০, জেঃ এলঃ নং-২১, হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ১০১ নম্বর ও ১১ নম্বর বরাখোলা প্রেমিসেস ভুক্ত সম্পত্তির মধ্য হইতে কিছু অংশ রাস্তায় যাওয়া বাদে যাহা এই সাথ গ্রথিত নকসায় লাল রঙের সীমারেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত মৌজা-বরাখোলা গ্রামে, হাল ১০ তের নম্বর খতিয়ানে লিখিত, ৩৭ সাইত্রিশ নম্বর দাগের মধ্যে কমবেশ ৫ পাঁচ কাঠা ১০ তের ছটাক ১৮ আঠার বর্গফুট ডাঙ্গা জমি যায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত যায় এই সাথ গ্রথিত নকসায় প্রদর্শিত দক্ষিণাংশে ১৪'-০'' ফুট প্রশস্ত রাস্তার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদিতে উহার উপর ও তলদেশ দিয়া বৈদ্যুতিক তার, টেলিফোন তার, উহার কেবল, জল নিষ্কাশনের ড্রেন, কে.এম.সির ট্যাপওয়াটার জলের লাইন ও চলাচলের যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত এই কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। এই সাথ দাখিলী নকসা এই দলিলের একাংশ বলিয়া সর্বত্র গণ্য হইবে।

:- ইহার চৌহদ্দি :-

উত্তরে :- আর.এস. ৩৪ নং দাগের জমি।

দক্ষিণে :- ১৪'-০'' ফুট প্রশস্ত কে.এম.সি রাস্তা।

Ramji nath Tiwari
Punya deo Mishra

॥ ১ ॥

পূর্ব্বে :- আর.এস. ৫৫ নং দাগের জমি ।

পশ্চিমে :- ১৪'-০'' ফুট প্রশস্থ কে.এম.সি রাস্তা ও আর.এস. ৫৬ নং দাগের জমি ।

-: অধীন টাকার জমা :-

১। ১ নং দাতার বরাবরে ইংরাজী ১৪।৮।২০০৬ তারিখে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, যাদবপুর ইউনিভারসিটি শাখা কর্ত্তৃক ৯৯৯০২ নং চেক মূলে প্রাপ্ত - - ১,৫০,০০০ টাকা

২। অদ্য তারিখে নগদে প্রাপ্ত - - - - - - - - - - - - - ১,৫০,০০০ টাকা

৩। ২ নং দাতার বরাবরে ইংরাজী ১৪।৮।২০০৬ তারিখে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, যাদবপুর ইউনিভারসিটি শাখা কর্ত্তৃক ৯৯৯০০ নং চেক মূলে প্রাপ্ত - - - - - - - ১,৫০,০০০ টাকা

৪। অদ্য তারিখে নগদে প্রাপ্ত - - - - - ১,৫০,০০০ টাকা

সর্বমোট = ৬,০০,০০০ টাকা

মবলগে ৳ ৬,০০,০০০, ছয় লক্ষ টাকা বুঝিয়া পাইলাম ।


Ramji nath Tiwari
Punya deo Mishra

ইসাদী :-
*********************
1) Sankar Kr. Mitra of Alipure, cal-27
2) Balai Mandal of Rajapur, cal-75


মুসাবিদাকারক :-
*****************
T. K. Dutta. (Advocate)
Alipore police court.
Kolkata-27.

টাইপকারক :-
*****************
নবীন চন্দ্র নস্কর
নবীন চন্দ্র নস্কর,
আলিপুর পুলিশ কোর্ট,
ফোনঃ ৮৩৩-৭০০০২৭।।
*******************

SITE PLAN OF MOUZA - BARAKHOLA J.L NO - 21,
R.S. DAG NO - 37, R.S. KHATIAN NO - 13,
P.S - PURBA - JADAVPUR, DIST - 24 PARGANAS (SOUTH),
UNDER KALKATTA MUNICIPAL CORPORATIAN (JADAVPUR-UNIT)
WARD NO - 109, SCALE - 25'-0" = 1" (INCH).
SHOWING THE RED BORDER.
AREA OF LAND - 5KH - 13CH - 18SFT (MORE & LESS).




PURCHASER - DIPAK KUMAR MUKHERJEE.




DRAWN BY - M. DAS.

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name.......................................

Signature .......................................

| PHOTO<br>Ramji Nath Tiwari | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name RAMJI NATH TIWARI......

Signature ..Ramji Nath Tiwari......

| PHOTO<br>P. Mishra | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name PUNYADEO MISHRA...

Signature P. Mishra............

| PHOTO<br>[illegible] | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name.... DIPAK KR. MUKHERJI

Signature ...[illegible]